



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ০৬.১১.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়

মৃত্তিকা এবং পরিবেশ ক্লাব (বিউএসইসি) এর ওয়েবসাইট উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয় মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের সংগঠন বরিশাল বিশ্ববিদ্যালয় মৃত্তিকা এবং পরিবেশ ক্লাব (বিউএসইসি) এর ওয়েবসাইট www.barisalunivses.com এর উদ্বোধন করা হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী এবং বাংলাদেশ মৃত্তিকা বিজ্ঞান সোসাইটির প্রেসিডেন্ট প্রফেসর ড. এস এম ইমামুল হক অদ্য ৬ নভেম্বর মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সেমিনার রুমে কেক কাটার মাধ্যমে এ ওয়েবসাইটটির শুভ উদ্বোধন করেন। জীববিজ্ঞান অনুষদের ডিন এবং মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো: হাসিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রভাষক আনজুমান আরা রজনী, ইশরাত জাহান সঞ্চরী, সাইয়েদা সাবরীনা আলী, অর্থ ও হিসাব শাখার পরিচালক মো: আশরাফ উদ্দীনসহ বিভাগের শিক্ষার্থী, বরিশাল বিশ্ববিদ্যালয় মৃত্তিকা এবং পরিবেশ ক্লাব (বিউএসইসি) এর সদস্যবৃন্দ। ওয়েবসাইটটি উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় এটির নির্মাতা এবং ক্লাবের সদস্যদের উদ্দেশ্যে বলেন, একাডেমিক কার্যক্রমের পাশাপাশি এ ধরনের সহশিক্ষামূলক কার্যক্রমে নিজেদেরকে আরও বেশি আত্মনিয়োগ করতে হবে। তিনি শিক্ষার্থীদের এ ধরনের উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন, এ ওয়েবসাইটের মাধ্যমে মৃত্তিকার বিভিন্ন শাখাকে সাধারণ মানুষের কাছে সহজবোধ্য করে তুলে ধরতে হবে। কেননা মাটি হচ্ছে মা। তাই একে অবহেলা ও অযত্নে রাখা যাবে না। মৃত্তিকা ও পরিবেশ একে অপরের পরিপূরক। কাজেই পরিবেশের ভারসম্য রক্ষা করতে হলে মৃত্তিকার উন্নয়নের কোন বিকল্প নেই। আর এই মৃত্তিকাকে আন্তর্জাতিক ভাবে স্বীকৃতিদানে যিনি অসামান্য অবদান রেখেছেন তিনি হলেন থাইল্যান্ডের প্রয়াত রাজা ভূমিবল। তাঁরই উদ্যোগে ৫ ডিসেম্বরকে বিশ্ব মৃত্তিকা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে জাতিসংঘ। উপাচার্য মহোদয় আরও বলেন, তোমরা এ ওয়েবসাইটটি সৃষ্টি ও সুচারু রূপে পরিচালনা করবে, যাতে করে এটি বরিশাল বিশ্ববিদ্যালয় এবং তোমাদের বিভাগের সুনাম ও মর্যাদাকে অক্ষুণ্ন রাখতে পারে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস